উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের জুলাই/২০২১ মাসের ভার্চুয়াল মাসিক সভার (৩০তম সভা) কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
সভার তারিখ ঃ ২৯ জুলাই ২০২১, সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচী মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:<br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| | | স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:<br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান। | কার্যক্রম চলমান। | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:<br>উপস্থাপনযোগ্য কোন নতুন পরিপত্র, বিধি বা সার্কুলার পাওয়া যায়নি। | | |
| | | রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি ও হাট-বাজার সংক্রান্ত হিসাব উপস্থাপন:<br>(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ব্যয় বিবরণী: (জুন/২০২১- জুলাই/২০২১):<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান-<br>-উপজেলা পরিষদের মালীর পারিতোষিক ভাতা পরিশোধ বাবদ-১৬,৫০০/- টাকা<br>- উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর পারিতোষিক ভাতা পরিশোধ বাবদ-১৬,৫০০/- টাকা<br>- উপজেলা পরিষদের মে/২০২১ মাসের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ-১৩,৯৯৫/- টাকা<br>-মহিলা ভাইস চেয়ারম্যানের মে/২০২১ মাসের সম্মানী ভাতা-২৭,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের মে /২০২১ ও জুন/২০২১ মাসের আপ্যায়নভাতা- ৬০,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের মে/২০২১ মাসের আনুষংগিকভাতা-৫,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের মে/২০২১ মাসের ইন্টারনেট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>- উপজেলা পরিষদের জীপগাড়ীর যন্ত্রাংশ পরিবর্তন বিল পরিশোধ-৪,৪০০/- টাকা<br>- ভাইস চেয়ারম্যানের জুন/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- মহিলা ভাইস চেয়ারম্যানের জুন/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের মালীর জুন/২০২১ মাসের মজুরী- ১৪,৩০০/- টাকা<br>-উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর জুন/২১ মাসের মজুরী ভাতা- ১৪,৩০০/- টাকা<br>-উপজেলা পরিষদের জীপগাড়ীর ২০২১-২২ অর্থবছরের রেজিস্ট্রেশন নবায়ন ফি পরিশোধ-৭,৫২৭/-টাকা<br>- উপজেলা পরিষদের জীপগাড়ীর যন্ত্রাংশ পরিবর্তন বিল পরিশোধ(২০২১-২২ অর্থবছরের)-৩৬,৩২৫/- টাকা<br>-উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের ইন্টারনেট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>-উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের আনুষংগিকভাতা-৫,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের মালীর ঈদ উল আযহার উৎসবভাতা বিল- ৮,২৫০/- টাকা<br>-ঘাষ কাটা মেশিনের তেল ও মবিল ক্রয়ের বিল-২,৭০০/- টাকা<br>-৩য় ও ৪র্থ শ্রেনী কর্মচারী ক্লাবে অসমাপ্ত কাজ সমাপ্তিকরণ বিল পরিশোধ বাবদ-৪,৯৭,৬৩৮/- টাকা<br>-২০২০-২০২১ অর্থবছরের ৩০ জুন ২০২১ পর্যন্ত রাজস্ব তহবিলে জমাকৃত অর্থের অবশিষ্ট অর্থ উন্নয়ন তহবিলে হস্তান্তর- ১,৫৫,০০.০০০/- টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| | | খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধকৃত বিলের তালিকা সমন্বয়ের জন্য : (জুলাই/২০২১):<br>- বালিয়াকান্দি উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল এর ০.৫০% অফিস আনুষংগিক ব্যয়-৭২,৮২৫/- টাকা<br>- সমাধিনগর আর্যসংঘ বিদ্যা মন্দির মাধ্যমিক বিদ্যালয় উন্নয়ন কাজের জামানত ফেরত- ৪৬,৫৬৩/- টাকা | | |
| | | (গ) উপজেলা পরিষদের এডিপি হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (জুন/২০২১ ):<br>-বালিয়াকান্দি উপজেলার বিভিন্ন ইউনিয়নে করোনা ভাইরাস(কোভিড-১৯) বিস্তার রোধকল্পে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরনের জন্য-১,০৬,৯৯৫/- টাকা<br>-ভেল্লাবাড়ী ছালাম খান এর বাড়ী হতে কানাডা বাজার পর্যন্ত রাস্তার চেঃ ১০৪৮মিঃ হতে ১১০০মিঃ পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল -২,০০,০০০/- টাকা<br>-ঐ রাস্তার চেঃ ১১০০মিঃ হতে ১১৫২মিঃ পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল -২,০০,০০০/- টাকা<br>-ঐ রাস্তার চেঃ ১১৫২মিঃ হতে ১২০০মিঃ পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল -২,০০,০০০/- টাকা | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | -এডিপি ২০২০-২০২১ ইং এর মোট বরাদ্দ ৮৪,৬৬,০০০/- টাকা হতে ০.৫০% অফিস আনুষংগিক বাবদ-৪০,৬৩০/- টাকা<br>-এডিপি ২০২০-২০২১ ইং এর উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বালিয়াকান্দি এর ফেব্রু:/২১ ও মার্চ/২১ মাসের তদারকি ব্যয় বিল-৮৭৬২/- টাকা<br>(ঘ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা ( জুন/২০২১): চলতি মাসে কোন বিল প্রদান করা হয়নি<br>(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা-(জুন/২০২১-জুলাই/২০২১ ):<br>- বালিয়াকান্দি বাজারে আংশিক গার্ডশেড, পোল্টি শেড ও বাজার ব্যবস্থাপনা কমিটির অফিস সংস্কার কাজ (প্রকল্প-০১) বালিয়াকান্দি, রাজবাড়ীর ১ম ও চলতি বিল-৫,৭৯,২০৬/- টাকা<br>- বালিয়াকান্দি বাজারে আংশিক গার্ডশেড, পোল্টি শেড ও বাজার ব্যবস্থাপনা কমিটির অফিস সংস্কার কাজের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ (প্রকল্প-০২) বালিয়াকান্দি, রাজবাড়ীর ১ম ও চলতি বিল-৩,৩০,২৬৬/- টাকা<br>- নারুয়া পিয়াজ বাজার ব্রীজের দক্ষিণ পার্শ্বের রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ -২,০০,০০০/- টাকা<br>- নারুয়া শশাংক সাহার ঘর হতে টুকুর ঘর পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ -১,০৩,০০০/- টাকা | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে দপ্তরওয়ারী গত সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং একইসাথে জুন/২০২১ মাসে গৃহীত কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করেন। আলোচনায় তিনি গুরুত্বপূর্ণ কাজগুলোর গুরুত্বারোপ করেন।<br>২) এ পর্যায়ে জানান যে, বালিয়াকান্দি উপজেলাধীন ০৭টি ইউনিয়ন পরিষদের ৬৩ জন গ্রামপুলিশের পক্ষে নবাবপুর ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশ জনাব মোঃ আরিফ হোসেন ২৪/০৬/২০২১ তারিখের আবেদনমূলে উপজেলার বিভিন্ন জায়গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ভাস্কর্য পর্যায়ক্রমে পাহারা দেওয়া বিষয়ে যাতায়াত বা খাবার বাবদ আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। রাজস্ব তহবিল হতে আর্থিক প্রতিকারের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>২। আলোচনান্তে প্রত্যেক গ্রামপুলিশকে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে ৬৩ (তেষট্টি)জন গ্রাম-পুলিশকে ভাস্কর্য পাহারা বাবদ ৯৪,৫০০/- টাকা রাজস্ব তহবিলের নিরাপত্তা (আনসার)খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও দপ্তর প্রধানগণ<br>২। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরি: পরি: কর্মকর্তা প্রথমেই জানান বর্তমানে করোনা ভাইরাসের প্রকোপ আরো উদ্ধমূখী রূপ ধারণ করেছে। কাজেই প্রত্যেককে সর্তক এবং স্বাস্থ্যবিধির প্রতি যত্নশীল হওয়া খুবই জরুরী। এ প্রসংগে আরো বলেন যে, আগামী ৮-১২ আগস্ট,২০২১ তারিখের মধ্যে ৩দিন করে প্রত্যেক ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে টিকা ভ্যাকসিন প্রদান করা হবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের জন্য ইউপি চেয়ারম্যান ও সদস্যদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করেন। তিঁনি জানান যে, মানুষের মধ্যে টিকা গ্রহণের প্রবনতা আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, আক্রান্তের হার কমিয়ে আনার জন্য জনগণকে ঘরে রাখার প্রচেষ্টা চালাতে হবে এবং স্বাস্থ্য বিধি অমান্যকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মোবাইল কোর্ট অব্যহত রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ এবং স্বাস্থ্যসেবা কার্যক্রম যথাযর্থ চলমান রয়েছে। | ভ্যাকসিন প্রদানের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরি: পরি: কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে, পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে উপজেলা প্রাণিসম্পদ অফিস কর্তৃক ভেটেরিনারি মেডিকেল টিম গঠনপূর্বক মাঠ পর্যায়ে তদারকির মাধ্যমে সুষ্ঠুভাবে কোরবানীর কার্যক্রম সম্পূন্ন হয়েছে। এছাড়া গবাদি পশুর নানাবিধ চিকিৎসাসহ ও অন্যান্য সম্প্রসারণ কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রমসমূহের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, বর্তমানে খরিপ-২ চলমান। বালিয়াকান্দি উপজেলায় প্রায় ১২৫০০ হেঃ জমিতে আমন আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আমন ধানের চাষ নির্বিঘ্নে করার জন্য মাঠে সার্বিক তদারকি চলমান রয়েছে। বিভিন্ন প্রকল্পের আতোয় বাস্তবায়িত প্রদর্শনীর অবস্থা ভালো আছে। পাটের উৎপান বাম্পার হয়েছে। বর্তমান ভাইরাস মহামারিতে অত্র দপ্তরের ৩ জন কর্মচারী কোভিড-১৯ আক্রান্ত হয়ে তারা বাড়িতে থেকে চিকিৎসা গ্রহণ করছে। দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, কোভিড-২০১৯ পরিস্থিতিতে পুকুর/জলাশয়ে মাছের উৎপাদন ও বাজারে মাছের সরবরাহ অব্যাহত রাখতে নিয়মিত তদারকী ও পরামর্শ প্রদান করা হচ্ছে। নতুন নতুন প্রজাতির মাছ চাষের প্রদর্শনীর কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কোভিড-২০১৯ পরিস্থিতিতে পুকুর/জলাশয়ে মাছের উৎপাদন ও বাজারে মাছের সরবরাহ অব্যাহত রাখতে নিয়মিত তদারকী ও পরামর্শ প্রদান করার জন্য উপজেলা মৎস্য কর্মকতাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা পরিঃ পরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৫,৭৭৯ জন, সর্বমোট পদ্ধতির গ্রহনকারীর সংখ্যা ৩৫৩৫৬ জন এবং গ্রহনকারীর হার ৭৭.২৩% । মোট গর্ভবতীর সংখ্যা ১৯৪৭ জন, স্থায়ী পদ্ধতি পুরুষ- নাই, স্থায়ী পদ্ধতি মহিলা-১৪ জন, আইইউডি-০৪ জন, ইমপ্লান্ট-নাই ও নবদম্পতি ১৫ জন। এ ছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | যথার্থ সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিঃ পরিঃ অফিসার |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত এ্যাসাইনমেন্ট/ হোমওয়ার্ক প্রত্যেক ছাত্র-ছাত্রীদের বাড়ীতে বাড়ীতে শিক্ষক কর্তৃক পৌছে দিয়ে উহার উত্তর প্রতি সপ্তাহে সংগ্রহপূর্বক মূল্যায়ন করা হচ্ছে। তিনি আরো জানান গুগোল নেটের মাধ্যমে অনলাইন ক্লাশ যথারীতি চলমান রয়েছে। | অনলাইন ক্লাশ যথার্থ পরিমানে গ্রহণ করার নিমিত্ত প্রত্যেক শিক্ষককে পত্রের মাধ্যমে তাগিদ দেওয়ার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অনলাইন ক্লাশ পূর্বের ন্যায় চালু রাখার জন্য এবং এ্যাসাইনমেন্ট প্রক্রিয়ার মাধ্যমে প্রত্যেক ছাত্র-ছাত্রীদের মূল্যায়নের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বলা হয়েছে । এছাড়া ১০ম শ্রেনীর শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট শুরু করা হয়েছে। | অনলাইন ক্লাশ চালু রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় ০৩টি প্যাকেজের কাজ চলমান। তন্মধ্যে প্যাকেজ নং-০১(এক) এর আওতায় (১) মাশালিয়া বাজার, (২) নারুয়া বাজার ও (৩) পদমদী কুড়িপাড়া-এ ল্যাট্রিন নির্মাণ কাজটি বাস্তবায়নকালে উল্লেখিত নারুয়া বাজারে প্রয়োজনীয় জমির সংস্থান না হওয়ায় বিকল্প হিসেবে সমাধিনগর হাট সংলগ্ন সমাধিনগর শ্মশান-এ উক্ত ল্যাট্রিন নির্মাণ কাজটি সম্পন্ন করা যেতে পারে। এতদবিষয়ে উপজেলা পরিষদের সদয় সিদ্ধান্ত কামনা করেন।<br><br>২) সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন প্রকল্পের অধীন চলমান প্রকল্পসমূহ এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক চলমান প্রকল্পসমূহের কাজ চলমান আছে এবং নির্ধারিত সময়ে সম্পন্ন হবে।<br><br>৩) সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, গত ১৭ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৮তম সভার কার্যবিবরণীর পরিশিষ্ট 'গ'-তে বর্ণিত 'পরিবহন ও যোগাযোগ' খাতের ৩ নং প্রকল্পটি (শ্রীরামকান্দি ত্রাণের ব্রিজ হতে আলীখা পাড়া এইচবিবি রাস্তা পর্যন্ত অসমাপ্ত অংশ এইচবিবি দ্বারা পাকাকরণ) বাস্তবায়নের জন্য মন্তব্য কলামে ভুলবশতঃ শুধুমাত্র 'দরপত্র' উল্লেখ করা হয়েছে। যেখানে 'দরপত্র/কোটেশন' প্রতিস্থাপিত হবে ! এছাড়া একই খাতের ৬১ নং প্রকল্পটি (ভেল্লাবাড়ী কানাডা বাজার রাস্তার অসমাপ্ত কাজ সমাপ্তকরণ) ৪,০০,০০০/- টাকায় 'দরপত্রে'র মাধ্যমে বাস্তবায়নের জন্য উল্লেখ থাকলেও উহা প্রকল্প-০১ ও প্রকল্প-০২ আকারে প্রতিটি ২,০০,০০০/- টাকা করে এবং দরপত্রের স্থলে 'প্রকল্প কমিটি' প্রতিস্থাপিত হবে। | ১। সরেজমিন পরিদর্শন করে সমাধিনগর হাট সংলগ্ন শ্মশান-এ উক্ত প্যাকেজের নির্ধারিত নারুয়া বাজারের পরিবর্তে নির্ধারিত স্থান হিসেবে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। চলমান বিভিন্ন প্রকল্পের কাজসমূহের গুনগতমান বজায় রাখাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>৩। বর্ণিত সংশোধনী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১) উপজেলা প্রকৌশলী<br><br>২) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী<br><br>৩) উপজেলা প্রকৌশলী |
| ১১ | উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বালিয়াকান্দি উপজেলা শতভাগ ভাতার আওতায় অন্তর্ভূক্ত হয়েছে। সেই মোতাবেক যোগ্য বয়স্ক বিধাবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের আবেদনের প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ তালিকা প্রনয়ন পূর্বক উপজেলা কমিটিতে প্রেরণ করবেন মর্মে উল্লেখ করেন। | বয়স্ক, বিধাবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের তালিকা প্রনয়নপূর্বক উপজেলা কমিটিতে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | (১)উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ১৬.০০ লক্ষ, আদায় ৭.৯০ লক্ষ, শেয়ার আদায় ০.05 লক্ষ এবং সঞ্চয় আদায় ২.৯৫ লক্ষ টাকা । এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রমে যথার্থ মনিটরিং করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার জানান যে, সদর কার্যালয়ের নির্দেশানুযায়ী ভরিউটিসি, আইজি প্রশিক্ষণ ও কিশোর-কিশোরী স্থাপন প্রকল্পের কার্যাবলী স্বাস্থ্যবিধি মেনে চালু করা হয়েছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচির ২০২০-২০২১ অর্থবছরের আওতায় প্রত্যেক ইউনিয়নে ৭ জন করে বর্ধিত করা হয়েছে মর্মে সদর কার্যালয় হতে পত্র পেয়েছি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ভরিউটিসি, আইজি প্রশিক্ষণ ও কিশোর-কিশোরী স্থাপন প্রকল্পের কার্যাবলীসহ অন্যান্য ভাতা প্রদানের বিষয়টি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি ও ৮৫টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। এছাড়াও কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদের আওতায় প্রকল্পভূক্ত আরো ১০০টি সমবায় সমিতি আছে, যা সমবায় বিভাগ কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন করা হয়ে থাকে। সকল সমবায় সমিতির বার্ষিক অডিট পরিদর্শন, সমিতির সদস্যদের সাথে মতবিনিময় সভা ইত্যাদি কার্যক্রমসহ ৫০ জন সদস্যকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পের সদস্যদের নিয়েও ০১টি সমবায় সমিতি রয়েছে। সেখানে সমবায় বিভাগ কর্তৃক ২৭,৯০,০০০/- টাকা (ঘূর্ণায়মান তহবিল) সরকারি ঋণ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় জুলাই/২০২০ হতে বর্তমান পর্যন্ত বিভাগীয় ০৫ টি ও পল্লী উন্নয়নের আওতাভুক্ত সিঁভিডিপি প্রকল্পের ১২টি সমবায় সমিতিসহ মোট ১৭টি সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। অত্র উপজেলার সমবায় বিভাগীয় সার্বিক কার্যক্রমকে আরো গতিশীল করার প্রচেষ্টা করা হবে মর্মে জানান। | সমবায় বিভাগের আওতাধীন সমবায় সমিতিসমূহের সংশ্লিষ্ট সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি যুব প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্যসামগ্রী বিক্রয়ের জন্য একটি যুব কর্ণার/সেল সেন্টার বরাদ্দের জন্য বিশেষভাবে আবেদন করেন। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় সংযুক্ত না থাকায় এ দপ্তর নিয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রথমেই জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে মর্মে সভাবে অবহিত করেন। এছাড়া পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ১৪৩৮৫টি ভিজিএফ কার্ড সুষ্ঠুভাবে বিভাজন মালামাল বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ২০২০-২০২১ অর্থবছরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে কাজের ধারাবাহিকতা অব্যহৃত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, ১৮২টি টিউবওয়েল বরাদ্দ পাওয়া গিয়েছে। এগুলোর ওয়ার্ক ওডার সম্পন্ন হওয়ায় উহার কার্যক্রম শ্রীঘ্রই শুরু করা হবে। প্রসংগক্রমে তিনি আরো জানান যে, সমগ্র দেশের পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০১টি ওয়াটার সাপ্লাই এর বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত ওয়াটার সাপ্লাই এর কার্যক্রম বালিয়াকান্দি উপজেলায় 'আমার গ্রাম আমার শহর' প্রকল্পের আওতাভুক্ত নির্বাচিত এলাকা/গ্রামে স্থাপন করা হবে। এছাড়া ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াসব্রকের মেরামত কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। গ্রামে গ্রামে গিয়ে নলকূপের আর্সেনিক কাজ চলমান রয়েছে।<br>২। এছাড়া ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিষদের সুপারিশ অনুযায়ী ইলিশকোল স:প্রা:বি:, জাবরকোল স:প্রা:বি:, তালতলা সপ্তপল্লী মা:বি:, অলঙ্কারপুর স:প্রা:বি: এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে কয়েকটি নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে (যথা: ০২টি ০৬ নং গভীর, ০১টি অগভীর, ০১টি তারা অগভীর ও ০১টি সার্বমাসেল) এবং উপজেলা পরিষদের ওয়াশ বেসিন থেকে পানি নিষ্কাসনের জন্য তিন ইঞ্চি পাইপ ব্যবহারসহ সর্বমোট ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত অর্থ উপজেলা পরিষদ হতে প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ১। গৃহীত প্রকল্পসমূহের গুনগতমান বজায় রেখে কাজ করার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>২। বরাদ্দকৃত নলকূপ স্থাপনের ব্যয় বাবদ ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে জনস্বাস্থ্য অধিদপ্তর, বালিয়াকান্দিকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় | ১।উপ-সহ: প্রকৌ:,জ:স্বা: ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর জানান যে, জুন -২০২১ মাসিক মিটিং এর সিদ্ধান্ত অনুসারে 'বালিযাকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পূর্ণাঙ্গ সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন ও কোভিড-১৯ প্রতিরোধে প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ সরবরাহকরণ' উপ-প্রকল্পের প্রাক্কলনের কাজ চলছে এবং প্রাক্কলন শেষ হলে ২০১৯-২০ অর্থবছরের অবকাঠামো প্রকল্প প্রস্তাবনা পুনরায় পিএমইউতে প্রেরণ করা হবে।<br>২। তিনি আরো জানান যে, ২০২০-২১ অর্থবছরে 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় দক্ষতা ও অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণের জন্য বিভিন্ন উপজেলা কমিটি ও দপ্তর প্রধানদের সুপারিশকৃত উপ-প্রকল্পসমূহ যাচাই বাছাই কমিটি কর্তৃক বিস্তারিত আলোচনান্তে যাচাই বাছাই শেষে নিম্নোক্ত উপ-প্রকল্পসমূহ উপজেলা পরিষদের মাসিক মিটিং এ অনুমোদনের জন্য প্রেরণ করা হয়- | ১) যথাশ্রীঘ্র প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের জন্য পিএমইউতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে উপ-প্রকল্পসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী কে | ১। উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর<br>১। উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত 'দক্ষতা উন্নয়ন' উপ-প্রকল্পসমূহ নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পেরনাম</th></tr>
<tr><td>০১</td><td>বেকার যুবদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ।</td></tr>
<tr><td>০২</td><td>গ্রামীন যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ড্রাইভিং প্রশিক্ষণ</td></tr>
<tr><td>০৩</td><td>যুবকদের বেকারত্ব দূরীকরণের লক্ষ্যে মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ</td></tr>
<tr><td>০৪</td><td>বেকার যুবকদের ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং এবং পানির লাইন স্থাপন ও মেরামত বিষয়ক প্রশিক্ষণ</td></tr>
<tr><td>০৫</td><td>গ্রামীন যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বানিজ্যিকভাবে গবাদিপশু ও হাস মুরগির খাদ্য তৈরি বিষয়ক প্রশিক্ষণ</td></tr>
<tr><td>০৬</td><td>বানিজ্যিকভাবে ক্যাপসিকাম ও ড্রাগন ফল বাগান স্থাপনে কৃষক ও বেকার যুবকদের প্রশিক্ষণ</td></tr>
</table>
বাছাইকমিটি কর্তৃক সুপারিশকৃত 'অবকাঠামো' উপ-প্রকল্পসমূহ নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পেরনাম</th></tr>
<tr><td>০১</td><td>বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ওয়াপদা পর্যন্ত রাস্তা স্ট্রিট সোলার লাইট দ্বারা আলোকায়ন</td></tr>
<tr><td>০২</td><td>ক. মনসুর আলী খান কলেজ সংয়োগ সড়ক আরসিসিকরণ<br>খ. আড়কান্দি বাজার হতে আবাসন প্রকল্প ভায়া পাটুরিয়া স্কুল সড়কে কালভার্ট নির্মাণ</td></tr>
<tr><td>০৩</td><td>সোনাপুর বাজরের জলাবদ্ধতা নিরসনে আরসিসি ড্রেন নির্মাণ</td></tr>
</table>
</td>
<td>অবকাঠামো উপ-প্রকল্প সমূহের বাজেট প্রাক্কলন যথাশীঘ্র সমাপ্ত করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>২০</td>
<td>বিবিধ</td>
<td>
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি সভার শুরুতেই বিভিন্ন বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমের ভিত্তিতে গত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করে পরিষদের উন্নয়নের লক্ষ্যে এডিপি/ রাজস্ব/ উন্নয়ন তহবিলের গৃহীত প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ সঠিকভাবে সম্পন্নের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উল্লেখ করেন যে, উপজেলা নির্বাহী অফিসার বাসভবনে ঠিকাদার কর্তৃক ব্যবহৃত ইটের মান ভালো না থাকায় তাকে উক্ত ইট অপসারণপূর্বক ১নং ইট দ্বারা দেওয়াল স্থাপনের জন্য বলা হয়েছে। অন্যথায় তার বিলের আপত্তি প্রদান করা হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন এবং এ বিষয়ে ভালো মানের ইট দ্বারা কাজ না হলে তার বিলের আপত্তি প্রদানের জন্য সকলে একমত পোষণ করেন। এ পর্যায়ে তিনি আরো জানান যে, ওয়েটিং সেডের কাজ নতুন করে দ্রুত সম্পন্ন করা হবে এবং উপজেলা নির্বাহী অফিসার বাসভবনের পাশে অবস্থিত লেকের সৌন্দয্য বর্ধনের বিষয়ে উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্প গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।<br><br>
২। এ পর্যায়ে তিনি উল্লেখ করেন যে, বিভিন্ন জাতীয় দিবসসহ বিশেষ করে আগামী ১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়টি সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>
৩। প্রসংগক্রমে উপজেলা পরিষদ এলাকার মধ্যে অবস্থিত নিম্নে বর্ণিত ০৩টি প্রকল্প রাজস্ব খাত হতে বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br><br>
<u>রাজস্ব খাতের আওতাভুক্ত প্রকল্প :</u><br>
ক) উপজেলা নির্বাহী অফিসার বাসভবনের উত্তর পাশের লেকের গাইড ওয়াল ও ফুটপথ নির্মাণ<br>
খ) উপজেলা পরিষদ এর সমাপ্তকৃত বাউন্ডারী ওয়াল সংস্কার ও অসমাপ্ত বাউন্ডারী নির্মাণ প্রকল্প<br>
গ) উপজেলা পরিষদ চত্ত্বর ও আবাসিক চত্ত্বরে বিদ্যুৎ লাইন সম্প্রসারণ প্রকল্প<br><br>
৪। এছাড়া এডিপি মেরামত খাত হতে নিম্নবর্ণিত ০২টি প্রকল্পের মেরামত কাজ বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>
ক) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন এর সংস্কার কাজ<br>
খ) উপজেলা আবাসিক ভবন ( গেজেটেড কোয়ার্টার) সংস্কার
</td>
<td>
১) এডিপি/ রাজস্ব/ উন্নয়ন তহবিলসহ সংশ্লিষ্ট অন্যান্য গৃহীত প্রকল্পসমূহ সরেজমিন তদন্তপূর্বক সঠিক বিল প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>
২) ১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবসের ব্যয় নির্বাহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>
৩। আলোচনান্তে বর্ণিত প্রকল্প ০৩টি প্রশাসনিক অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বালিয়াকান্দিকে অনুরোধ করা হয়।<br>
৪। আলোচনান্তে বর্ণিত প্রকল্প ০২(দুই)টি এডিপি মেরামত খাত হতে বাস্তবায়নের পরবর্তী প্রক্রিয়া গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বালিয়াকান্দিকে অনুরোধ করা হয়।
</td>
<td>
১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী<br><br>
২। উপজেলা নির্বাহী অফিসার<br><br>
৩। উপজেলা প্রকৌশলী<br><br>
৪। উপজেলা প্রকৌশলী
</td>
</tr>
</table>

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনসহ উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/৭/২০২১

(মোঃ আবুল কালাম আজাদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী ।

স্মারক নং- ০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪-৩০৭ (৩২), তারিখ : ২৯/০৭/ ২০২১ খ্রি.।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
০৭-২৪। উপজেলা . . . . . . . . . . . . . . . কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী ।
২৫-৩১। চেয়ারম্যান.... . . . . . . . . . . (সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৩২। অফিস কপি।

২৯/৭/২১
(আফিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

উপস্থিত সদস্যগণের হাজিরা (পরিশিষ্ট-ক)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ০২ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ০৩ | জনাব মোঃ আবুল হোসেন খান | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ | |
| ০৪ | জনাব মোঃ আব্দুস সালাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ | |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ | |
| ০৬ | জনাব নৃপেন্দ্রনাথ বিশ্বাস, | চেয়ারম্যান, জঙ্গল ইউনিয়ন পরিষদ | |
| ০৭ | জনাব মোঃ আবুল হোসেন আলী, | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ | |
| ০৮ | জনাব নায়েব আলী সেখ | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ | |
| ০৯ | জনাব মোঃ ইউনুস আলী সরদার, | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ | |
| ১০ | ডাঃ শাফিন জব্বার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ১১ | মোঃ আনোয়ার হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা | |
| ১২ | জনাব মোঃ মাজেদ সরদার | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা | |
| ১৩ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ১৪ | জনাব মোঃ আসরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | |
| ১৫ | জনাব মোঃ আলমগীর বাদশা | উপজেলা প্রকৌশলী | |
| ১৬ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | |
| ১৭ | জনাব মুহাম্মাদ মাহমুদ হাসান খান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ১৮ | জনাব কাজী এজাজ কায়ছার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | |
| ১৯ | জনাব দেবাশীষ কুমার দাস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বালিয়াকান্দি | |
| ২০ | জনাব হাসিনা ফাহমিদা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ২১ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |
| ২২ | জনাব মোঃ আহাদুজ্জামান খান | সহকারী প্রোগ্রামার | |
| ২৩ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় কর্মকর্তা | |
| ২৪ | জনাব মোঃ রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | |
| ২৫ | জনাব মোঃ নাজিউর রহমান | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর | |
| ২৬ | জনাব কামরুন্নাহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব সুফিয়া বেগম, সংরক্ষিত সদস্য-১, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি |
| ০২ | জনাব আরতী রানী কন্ডু , সংরক্ষিত সদস্য-১, উপজেলা পরিষদ |
| ০৩ | জনাব মোঃ সিরাজুল ইসলাম, উপজেলা ফরেস্টার |